



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তদন্ত সংস্থা
ইন্টারন্যাশনাল ক্রাইমস ট্রাইব্যুনাল
বাড়ী নং-৮৭, ৯৩, রোড নং-১১/এ,
ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯।

প্রেস কনফারেন্স

৭৫ তম তদন্ত প্রতিবেদন

২৪ নভেম্বর ২০১৯ ইং, রবিবার, সকাল ১১.০০ ঘটিকা।

সূত্রঃ ইন্টারন্যাশনাল ক্রাইমস ট্রাইব্যুনাল, তদন্ত সংস্থার কমপুইন্ট রেজিষ্টার ক্রমিক নং-৬৯, তারিখঃ ২৬/৬/২০১৬ ইং।

শ্রেফতারকৃত আসামীঃ	
(১) মোঃ আঃ রশিদ মিয়া (৬৬), পিতাঃ মৃত আঃ হামিদ মিয়া, মাতাঃ মৃত আমেনা খাতুন, সাং-কোলা(পূর্বপাড়া), থানা ও জেলাঃ ঝিনাইদহ। (২২/১০/২০১৯ ইং তারিখে শ্রেফতার)	
(২) মোঃ সাহেব আলী মালিখা (৬৮), পিতাঃ মৃত ওমেদ আলী মালিখা, মাতাঃ মৃত ছবিরন নেছা, সাং-কোলা(পূর্বপাড়া), থানা ও জেলাঃ ঝিনাইদহ। (২২/১০/২০১৯ ইং তারিখে শ্রেফতার)	

তদন্ত শুরু	ঃ ২৭/৬/২০১৬ ইং।
তদন্ত প্রতিবেদন দাখিল	ঃ ২৪/১১/২০১৯ইং।
সাক্ষীর সংখ্যা	ঃ ১৪ জন।
অপরাধ সংঘটনের স্থান	ঃ ঝিনাইদহ জেলার, ঝিনাইদহ থানার, ৪ নং হলিধানী ইউনিয়নের কোলা গ্রাম।
অপরাধের ধরণ	ঃ আটক, অপহরণ, নির্যাতন ও হত্যা।
অভিযোগের সংখ্যা	ঃ ২ টি।
মোট অভিযুক্ত আসামীর সংখ্যা	ঃ ৩ জন।
শ্রেফতারকৃত আসামীর সংখ্যা	ঃ ২ জন।
অভিযুক্ত পলাতক আসামীর সংখ্যা	ঃ ১ জন।
তদন্তকারী কর্মকর্তা	ঃ মোঃ আঃ রাজ্জাক খান বিপিএম-সেবা পিপিএম, তদন্তকারী কর্মকর্তা, তদন্ত সংস্থা, ইন্টারন্যাশনাল ক্রাইমস ট্রাইব্যুনাল, ঢাকা, বাংলাদেশ।

❖ আসামীদের বিরুদ্ধে অভিযোগ সমূহ :

➤ অভিযোগ-১ :

১৯৭১ ইং সালের ১৭ জুন (বাংলা ২ আষাঢ়) বেলা অনুমান ১২.০০/১২.৩০ ঘটিকার সময় রাজাকার মোঃ আঃ রশিদ মিয়া এর নেতৃত্বে তার সহযোগী রাজাকার মোঃ সাহেব আলী মালিখা ও পলাতক আসামী সহ

১০/১৫ জন রাজাকার বিনাইদহ থানাধীন কোলা গ্রামে শহীদ আজিবর মন্ডলদের বাড়ী আক্রমণ করে মুক্তিযোদ্ধা মহিরউদ্দিন মন্ডল ও আসিরউদ্দিন মন্ডলদের আটক করিতে আসিয়া তাহাদেরকে না পাইয়া নিরীহ নিরস্ত্র স্বাধীনতাকামী তাহার তিনভাই (১) আজিবর মন্ডল, (২) হবিবর রহমান মন্ডল ও (৩) আনছার মন্ডলদেরকে আটক করিয়া মারধর করতঃ পিঠ মোড়া দিয়া বাঁধিয়া অপহরণ করিয়া বিনাইদহ শহরের দিকে নিয়ে যায়। পরবর্তীতে তাহাদেরকে মাগুরা রোডের ধোপাঘাটা ব্রীজের উপর গুলি করিয়া হত্যা করে তাহাদের লাশ নবগঙ্গা নদীতে ফেলিয়া দেয়।

➤ অভিযোগ-২ :

১৯৭১ ইং সালের ২৪ জুন (বাংলা ৯ আষাঢ়) বেলা অনুমান ০১.০০/০১.৩০ ঘটিকার সময় রাজাকার মোঃ আঃ রশিদ মিয়া এর নেতৃত্বে তার সহযোগীতাকারী রাজাকার মোঃ সাহেব আলী মালিখা ও পলাতক আসামী সহ ১০/১৫ জন রাজাকার মুক্তিযোদ্ধাদের সহযোগী নিরীহ, নিরস্ত্র মূলক চাঁকে বিনাইদহ থানাধীন কোলা গ্রামের তাহার বসত বাড়ি হইতে আটক করিয়া অপহরণ পূর্বক নিয়ে যাওয়ার পর হতে তাহার কোন সন্ধান পাওয়া যায় নাই।

শ্রেফতারকৃত আসামীদের রাজনৈতিক পরিচিতিঃ

(১) মোঃ আঃ রশিদ মিয়া

১৯৭১ ইং সালে মহান মুক্তিযুদ্ধকালে তিনি জামায়াতে ইসলাম এর রাজনীতির সহিত সম্পৃক্ত ছিলেন।

দেশ স্বাধীন হওয়ার পর তিনি আত্মগোপনে থাকিয়া বাংলাদেশ কমিউনিষ্ট পার্টির কৃষক সংগ্রাম সমিতির হলিধানী ইউনিয়নের সভাপতির দায়িত্ব পালন করেন।

১৯৮৪ ইং সালে বাংলাদেশ কমিউনিষ্ট পার্টির পরোক্ষ সহায়তায় ৪ নং হলিধানী ইউনিয়ন পরিষদের মেম্বর নির্বাচিত হন এবং ১৯৮৮ ইং সালে হলিধানী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচিত হন।

১৯৯৬ ইং সালে বিনাইদহ জেলা আওয়ামী লীগের সহ সভাপতি এড. আঃ ওয়াহেদ জোয়ার্দার এর মাধ্যমে আওয়ামী লীগে যোগদান পূর্বক বিনাইদহ থানার ৪ নং হলিধানী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হইয়া বর্তমান পর্যন্ত উক্ত পদে বহাল আছেন। বর্তমানে উক্ত ইউনিয়ন পরিষদের আওয়ামী লীগের মনোনীত প্রার্থী হিসাবে নৌকা প্রতীকে নির্বাচিত চেয়ারম্যান হিসাবে দায়িত্বরত আছেন।

(২) মোঃ সাহেব আলী মালিখা

১৯৭১ ইং সালে তিনি জামায়াতে ইসলাম এর রাজনীতির সহিত সম্পৃক্ত ছিলেন।

বর্তমানে তিনি আওয়ামী লীগের রাজনীতির সহিত জড়িত মর্মে জানা যায়।

“ধন্যবাদ”